

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

অতঃপর যখন তাকে প্রসব করলো বলল, হে আমার পালনকর্তা! আমি একে কন্যা প্রসব করেছি। বস্ত্রতঃ কি সে প্রসব করেছে আল্লাহ তা ভাইই জানেন।

সূরা আল ইমরান ৩৬

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিস্টেম

গ্রাফিক্স ডিজাইন

ইন্টারেক্টিভ মাল্টিমিডিয়া

কীর্তনখোলা ডেস্ক

গণঅভ্যুত্থানের ঐতিহাসিক মাসকে যুগ্মযশা মর্যাদায় স্মরণ এবং এর আকাজকা নতুন প্রজন্মসহ দেশের সর্বস্তরের ২ এর পাতায় দেখুন

০২৯৯০০৬৬৬৬৬, ০৬৭৯৯০২৭৭০৪

বরিশাল ৯ রবিবার ৯ ০৫ জুলাই ২০২৬ ৯ ২০ মহররম ১৪৪৮ ৯ ২০ আষাঢ় ১৪৩৩ ৯ ৯ম বর্ষ ৯ ৩৪ সংখ্যা ৯ ৪ পৃষ্ঠা ৯ ৫ টাকা

জুলাই কারও একার নয়, সবার অর্জন: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

জুলাই গণঅভ্যুত্থানে মানুষ দল-মত ভুলে রাজ্যায় নেমে এসেছিল, তাদের সম্মান করতে হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী ২ এর পাতায় দেখুন

৫ আগস্টেই আওয়ামী লীগের রাজনৈতিক মৃত্যু, দাফন দিল্লিতে

কীর্তনখোলা ডেস্ক

২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানের মধ্য দিয়ে আওয়ামী লীগের রাজনৈতিক মৃত্যু হয়েছে বলে মন্তব্য করেছেন ২ এর পাতায় দেখুন

স্থানীয় নির্বাচনে সং ও যোগ্যদের প্রার্থী করার নির্দেশ জামায়াত আমিরের

কীর্তনখোলা ডেস্ক

স্থানীয় সরকার নির্বাচনে সমাজের ভালো, সং ও গ্রহণযোগ্য লোকদের প্রার্থী হিসেবে বাছাই করতে দলের নেতাকর্মীদের ২ এর পাতায় দেখুন

৬ জুলাই থেকে এনসিপি'র 'জুলাই পদযাত্রা'

কীর্তনখোলা ডেস্ক

জুলাই গণঅভ্যুত্থানের ঐতিহাসিক মাসকে যুগ্মযশা মর্যাদায় স্মরণ এবং এর আকাজকা নতুন প্রজন্মসহ দেশের সর্বস্তরের ২ এর পাতায় দেখুন

নদী ভাঙন রোধে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ চান বরিশালবাসী

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের নদী ভাঙন প্রতিরোধে জরুরি এবং স্থায়ীভাবে ব্যবস্থা গ্রহণের দাবিতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়েছে। শনিবার (৪ জুলাই) সকাল ১১টায় বরিশাল নগরীর সদর রোডে অশ্বিনী কুমার টাউন হলের সামনে 'আব্দুর রহমান বিশ্বাস স্মৃতি পরিষদ'-এ কর্মসূচির আয়োজন করে। দীর্ঘদিন ধরে বরিশাল সদর উপজেলা, জেলায়, মেহেন্দিগঞ্জ, মাদানী, বাবুগঞ্জ উপজেলায় অব্যাহত নদী ভাঙনে অনেক পরিবার বসতবাড়ি হারিয়েছে। টেকসই নদীসংরক্ষণ বাধের দাবি জানিয়ে আসছেন নদী তীরের মানুষেরা। এর অংশ হিসেবে শনিবার বরিশাল

নগরীতে মানববন্ধন কর্মসূচি আয়োজন করা হয়। আব্দুর রহমান বিশ্বাস স্মৃতি পরিষদের আহ্বায়ক অধ্যাপক ডা. আমিনুল হকের সভাপতিত্বে মানববন্ধনে অংশ নেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহসহ বিভিন্ন সদর উপজেলার চরবাড়িয়া, চন্দ্রমোহন, চরমোহানী ও শাহমুস্তাফাবাদ ইউনিয়নের নদীভাঙনে ক্ষতিগ্রস্ত শত শত মানুষ। মানববন্ধনে বাদশা। শনিবার (৪ জুলাই) দুপুরে বিক্ষয়টি নিশ্চিত করেছেন শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান। তিনি বলেন, অভিনেত্রী মেহের আফরোজ শাওন, চিত্রনায়িকা মাহিয়া মাহি এবং শাভা ফারজানা নামে ২ এর পাতায় দেখুন

রহমান বিশ্বাস স্মৃতি পরিষদের সদস্য সচিব ইলিয়াছ আহমাদ। এসময় অংশগ্রহণকারীরা নদী ভাঙন রোধে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়ে বিভিন্ন প্লোয়ার ও প্র্যাকার্ড ২ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়কে বাস-ট্রাক সংঘর্ষ, আহত ৭

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদীতে ঢাকা-বরিশাল মহাসড়কে একটি যাত্রীবাহী বাস ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে সাতজন আহত হয়েছে। শনিবার (৪ জুলাই) ভোর ৬টার দিকে মহাসড়কের বাটারজোর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। গৌরনদী ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার মো. মিজানুর রহমান জানান, ঢাকাগামী একটি ট্রাকের সঙ্গে বরিশালগামী আলিফ পরিবহনের একটি বাসের মুখোমুখি সংঘর্ষ হলে সাতজন আহত হন। পরে ফায়ার সার্ভিসের সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আহতদের উদ্ধার করে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠান। তারফকিভাবে আহতদের পরিচয় জানা যায়নি। আহতদের মধ্যে পাঁচ পুরুষ ও দুই নারী রয়েছেন বলে প্রাথমিকভাবে জানা গেছে। গৌরনদী হাইওয়ে থানার ওসি মো. মহসীন জানান, দুর্ঘটনাকবলিত বাস ও ট্রাক জব্দ করা হয়েছে। দুর্ঘটনার পরও মহাসড়কে যানচালনা স্বাভাবিক রয়েছে। ঘটনার কারণ অনুসন্ধান করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।

জুলাইয়ের গণহত্যা, খুন, গুমসহ সকল হত্যার বিচার ও গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে বরিশাল নগরীতে ১১ দলীয় একতার বিক্ষোভ মিছিল

অনৈতিক কাজে রাজি না হয়ে গৃহবধূর আত্মহত্যা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীতে এক গৃহবধূর বুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ। শনিবার ভোরে নগরীর পাশাপুর এলাকার একটি ভাড়া বাসা থেকে তার লাশ উদ্ধার করা হয় বলে জানিয়েছেন বরিশাল মহানগর পুলিশের কাউন্সিল থানার ওসি সনজিৎ চন্দ্র নাথ। নিহত মোছা. ময়না (৩০) ওই এলাকার বাসিন্দা মো. রুবেলের দ্বিতীয় স্ত্রী। নিহতের ছোট বোন মোছা. সাথী

অভিযোগ করেন, গুরুবার সন্ধ্যায় বোনের সঙ্গে তার মোবাইল ফোনে কথা হয়েছিল। তখন ময়না তাকে জানান, তার স্বামী রুবেল দুই ব্যক্তির সঙ্গে কুহাকাটায় যেতে বলছেন। কিন্তু তিনি যেতে রাজি হননি। সাথীর দাবি, এ ঘটনার পরই তার বোন আত্মহত্যা করেন। শনিবার ভোরে তিনি জানতে পারেন, তার বোনের লাশ বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, সচিব বাহাদুর প্রমোদ বাহাদুর জামানগতি ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রাহ্মসমিতি কলেজ, বাহাদুর বিহাঙ্গের সচিব বিজ্ঞানী প্রদান এবং বাংলাদেশের মাদ্রাসা শিক্ষাবোর্ডের সচিব পশীকা সিদ্দিক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রসঙ্গভিত্তিক ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিহাঙ্গের প্রদান পদীক্ষক, সরকারি আইনকল্যাণ কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি হারারগোলা, সদর রোড, বরিশাল 01711-264963	অব্দের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অব্দের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ হারারগোলা, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হাট নদী ও কলকাতা মার্কেট, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাট নদী ও কলকাতা মার্কেট, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম. কলেজের পাশে 01726-074663	হক লাইব্রেরি বি.এম. কলেজের পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলেজের পাশে 01717-488083

জুলাই নিয়ে কটকটি শাওন, মাহি ও ফারজানার বিরুদ্ধে থানায় জিডি

কীর্তনখোলা ডেস্ক
জুলাই বিপ্লব নিয়ে অবমাননাকর মন্তব্য ও অপপ্রচারের অভিযোগে অভিনেত্রী মেহের আফরোজ শাওন, চিত্রনায়িকা মাহিয়া মাহি এবং শাভা ফারজানা নামের এক নারীর বিরুদ্ধে রাজধানীর শাহবাগ থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। শুক্রবার (৩ জুলাই) সকালে 'রাষ্ট্র সংলাপ ফোরাম' নামের একটি সংগঠনের পক্ষ থেকে এই অভিযোগ দাখিল করা হয়, যা পরবর্তীতে সাধারণ ডায়েরি (জিডি) হিসেবে নথিভুক্ত করেছে পুলিশ। অভিযোগপত্রে সংগঠনটির তিন পদধারী ব্যক্তি স্বাক্ষর করেছেন। তারা হলেন রাষ্ট্র সংলাপ ফোরামের কেন্দ্রীয় সদস্য সচিব আনাম আয়াস ও তুহিন ফরাজী এবং কেন্দ্রীয় মুখ্য সংগঠক মুহাম্মদ শাহ আলম বাদশা। শনিবার (৪ জুলাই) দুপুরে বিক্ষয়টি নিশ্চিত করেছেন শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান। তিনি বলেন, অভিনেত্রী মেহের আফরোজ শাওন, চিত্রনায়িকা মাহিয়া মাহি এবং শাভা ফারজানা নামে ২ এর পাতায় দেখুন

স্বামীর সঙ্গে অভিমান করে গৃহবধূর আত্মহত্যা

জেলা প্রতিনিধি
ভোলা সদর উপজেলার পূর্ব ইলিশা ইউনিয়নে স্বামীর সঙ্গে অভিমান করে সানিয়া বেগম (১৯) নামে এক গৃহবধূর গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। খবর পেয়ে পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতপ্তের জন্য জেলা সদর হাসপাতালের মর্মে পাঠিয়েছে। শুক্রবার (৩ জুলাই) দিবাগত রাত দেড়টার দিকে পূর্ব ইলিশা ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডে এ ঘটনা ঘটে। নিহত সানিয়া ওই এলাকার বাসিন্দা রাকিব হোসেনের স্ত্রী। তারা সম্পর্কে চাচাতো ভাই-বোন ছিলেন। পারিবারিক সূত্রে জানা যায়, প্রায় দুই বছর আগে পারিবারিকভাবে রাকিব ও সানিয়ার বিয়ে হয়। বিয়ের পর কিছুদিন সংসার ভালোভাবে চললেও পরবর্তীতে বিভিন্ন পারিবারিক বিষয় নিয়ে তাদের মধ্যে বিরোধ দেখা দেয়। ঘটনার দিন দুপুরে তুচ্ছ বিষয়কে কেন্দ্র করে ২ এর পাতায় দেখুন

বরিশাল রিপোর্টার্স ইউনিটির মতবিনিময় সভায় বক্তব্য রাখেন বরিশাল সদর আসনের এমপি অ্যাড. মজিবর রহমান সিকদার

বরিশাল বিভাগে ডেঙ্গু আক্রান্ত শীর্ষে পিরোজপুর, কম ভোলায়

কীর্তনখোলা রিপোর্ট
চলতি বছর দেশজুড়ে ডেঙ্গুর প্রকোপ বাড়লেও বরিশাল বিভাগে এখন পর্যন্ত পরিচিত অনেকাংশে নিয়ন্ত্রণে রয়েছে। তবে সারাদেশে আক্রান্তের সংখ্যা বাড়ছে। এদিকে ডেঙ্গু আক্রান্তের বরিশাল বিভাগে শীর্ষে পিরোজপুর জেলা। আর সবচেয়ে কম আক্রান্ত হয়েছে ভোলা জেলায়। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বরিশাল বিভাগে বছরের শুরু থেকে জুন মাস পর্যন্ত বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছেন মোট ২০২৫ জন ডেঙ্গু আক্রান্ত রোগী। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১৮৮৯ জন। আর বিভাগে মৃত্যুবরণ করেছেন মাত্র এক জন। এখানে বিভাগের বিভিন্ন হাসপাতালে ও

স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন ১৩৫ জন রোগী। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বরিশাল বিভাগের মধ্যে সবচেয়ে বেশি আক্রান্ত হয়েছে পিরোজপুর জেলায়। এ জেলায় চলতি বছরের ১ জুন পর্যন্ত আক্রান্ত হয়েছে ৫৩১ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৪৮৬ জন। এখানে চিকিৎসাধীন আছেন ৪৪ জন। এছাড়া বিভাগের মধ্যে শুধু পিরোজপুর জেলায় একজন মৃত্যুবরণ করেছেন। ডেঙ্গু আক্রান্তে দ্বিতীয়

ভিক্ষুক সেজে মা-ছেলের আশ্রয় কুপিয়ে সর্বস্ব লুটে নেয়ার চেষ্টা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে ভিক্ষুক সেজে বিধবা বৃদ্ধার ঘরে আশ্রয় নিয়ে সর্বস্ব লুটে নেয়ার চেষ্টা করেছে এক মা-ছেলে। এতে বাধা দেয়ায় ওই বৃদ্ধাকে ধারালো বাট দিয়ে কুপিয়ে জখম করা ২ এর পাতায় দেখুন

বরিশাল শের-ই-বাংলা মেডিকেল হাসপাতালে পকেটমার আটক

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে এক সেবাপ্রদায়ীতার পকেট থেকে চুরি হওয়া ৫ হাজার টাকাসহ এক ব্যক্তিকে আটক করেছেন দায়িত্বরত আনসার সদস্যরা। পরে উদ্ধার করা টাকা প্রকৃত মালিকের কাছে ফিরিয়ে দেওয়া হয়েছে। শনিবার দুপুর ১১টা ১০ মিনিটের দিকে হাসপাতালের গটপি ভবনের নিচতলায় গুম্বু কাউন্টারের সামনে দাঁড়িয়ে থাকা এক সেবাপ্রদায়ীতার পকেট থেকে এক ব্যক্তি ৫ হাজার টাকা নিয়ে পালানোর চেষ্টা করেন। বিষয়টি দায়িত্বরত আনসার সদস্য মো. মাহমুদের নজরে ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা প্রতিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তাজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা প্রতিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয় দুর্তোগ কমাতে হবে

জাতীয় পরিচয়পত্র বা এনআইডি এখন নানা জরুরি কাজে ব্যবহৃত হয়। ব্যাংক অ্যাকাউন্ট খোলা, পাসপোর্ট তৈরি, জমি কেনাবেচা, সরকারি ভাতা গ্রহণ থেকে শুরু করে মোবাইল সিম কার্ড কেনা পর্যন্ত জীবনের প্রতিটি ক্ষেত্রে এনআইডি অপরিহার্য। কিন্তু পরিচয়পত্র বিষয় হলো, কোটি কোটি নাগরিকের এই গুরুত্বপূর্ণ সনদে রয়ে গেছে অসংখ্য তথ্যবিভ্রাট। আর এই ভুলের খেসারত দিতে হচ্ছে সাধারণ মানুষকে। একটি তথ্য সংশোধন করতে গেলে নাগরিকদের মাসের পর মাস, বছরের পর বছর দুর্তোগ পোহাতে হয়। এ ছাড়া রয়েছে দালালচক্রের দৌরাত্ম। অভিযোগ রয়েছে, সুযোগ বুঝে সংশ্লিষ্ট কর্মকর্তারাও মোটা অঙ্কের ঘুষ দাবি করেন। খবরে জানা গেছে, এনআইডিতে একটি ভুল তথ্য সংশোধন করতে গিয়ে এক ব্রিটিশ-বাংলাদেশীর পাঁচ বছর লেগেছে। ভুক্তভোগী সাবুল মিয়া এক-দুবার নয়, মোট চারবার আবেদন করেছেন। প্রতিবারই নতুন নতুন নথিপত্র চাওয়া হয়েছে। বারবার আশ্বাস দেওয়া হয়েছে, ‘কাজ হয়ে যাবে’; কিন্তু কাজ হয়নি। এ জন্য তাঁকে বারবার যুক্তরাজ্য থেকে বাংলাদেশে ছোটটিসি করতে হয়েছে। অথচ তাঁর এনআইডিতে ভুল ছিল মাত্র একটি। তাঁর প্রকৃত বয়স ৮৭, কিন্তু এনআইডিতে লেখা হয় ৭৮। এতে তাঁর বয়স ৯ বছর কমে যায়। এই ভুল সংশোধনের জন্য তিনি প্রথমে যান সিলেট আঞ্চলিক নির্বাচন কার্যালয়ে। সেখানেই তাঁকে পাঁচ বছর নাকানিচুনপি নখেতে হয়েছে। অবশেষে চলতি বছর ২৪ মে নির্বাচন কমিশনের প্রধান কার্যালয়ে তাঁর কাজ সম্পন্ন হয়। খোঁজ নিলে দেখা যাবে, সাবুল মিয়ার মতো তিক্ত অভিজ্ঞতা অনেকেরই। এখন ডিজিটাল যুগ। নানা ক্ষেত্রে আগের তুলনায় এটি এসেছে। সঠিক তথ্য যচাই-বাছাইয়ের অনেক সুযোগ তৈরি হয়েছে। এই সময়ে এসে জাতীয় নাগরিকত্ব সনদ সংশোধনের প্রক্রিয়ায় এত অব্যবস্থাপনা, এত মছরগতি মেনে নেওয়া যায় না। এনআইডি সংশোধনের পুরো প্রক্রিয়াকে আরো সহজ, স্বচ্ছ এবং সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা এখন সময়ের দাবি। ভুলের ধরন অনুযায়ী ক্যাটাগরি ভাগ করে বাকটি নির্দিষ্ট সময়সীমা ১৫ বা ৩০ দিন বেধে দেওয়া যেতে পারে। এই সময়ের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করতে কর্মকর্তারা বাধ্য থাকবেন। ওয়াকিফহাল মহলের অমিত্যত, এমন পদক্ষেপ ছাড়া সাধারণ মানুষের ভোগান্তি কমে না। আমরা আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং জাতীয় পরিচয়পত্র সংশোধনে একটি কার্যকর ও নাগরিকবান্ধব ব্যবস্থা গড়ে তুলবে।

৬ জুলাই থেকে এনসিপি

মানুষের কাজে পৌছে দিতে ‘দেশ গড়তে জুলাই জাগরণ’ শীর্ষক মানবব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। কর্মসূচির অংশ হিসেবে গণভোটা বাস্তবায়ন, কর্মসংস্থান এবং সীমান্ত সুরক্ষার দাবিতে দেশজুড়ে ৬৪ জেলার ১০০টি উপজেলা ও পৌরসভায় ‘জুলাই পদযাত্রা ২০২৬’ আয়োজন করবে দলটি। আগামী ৬ জুলাই থেকে এ কর্মসূচি শুরু হবে। শনিবার (৪ জুলাই) বিকেলে রাজধানীর বাংলামোটরে এনসিপি অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কর্মসূচির ঘোষণা দেন দলটির নেতারা। সংবাদ সম্মেলনে জানানো হয়, আগামী ৬ জুলাই থেকে একযোগে উত্তর ও দক্ষিণাঞ্চলে ‘জুলাই পদযাত্রা ২০২৬-এ অংশ নেবেন এনসিপির শীর্ষ নেতারা। উত্তরাঞ্চলের পদযাত্রায় নেতৃত্ব দেনেন এনসিপির মুখ্য সংগঠক সারাজিস আলম ও মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পট্টাওয়ারী। দক্ষিণাঞ্চলের পদযাত্রায় নেতৃত্ব দেনেন মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ এমপি এবং দলের মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। এনসিপি বিশ্বাস করে, জুলাই শুধু একটি মাস নয়, বরং এটি আত্মত্যাগ, গণআকাঙক্ষা, গণতন্ত্র, ন্যায়বিচার এবং নতুন বাংলাদেশ বিনির্মাণের প্রতীক। তাই মানবব্যাপী এই কর্মসূচির মাধ্যমে সমাজের সব স্বেচ্ছ-পেশাগর মানুষকে সম্পৃক্ত করে জুলাইয়ের আকাঙক্ষা নতুন প্রজন্মের কাছে পৌছে দেওয়া, শহীদদের অবদান স্মরণ করা এবং দেশ গঠনের অঙ্গীকার আরও সুদৃঢ় করাই হবে এই আয়োজনের মূল লক্ষ্য। দেশ গড়তে জুলাই জাগরণ কর্মসূচির অংশ হিসেবে জুলাই পদযাত্রা ২০২৬ এ দেশের সর্বস্তরের নাগরিক, ভরণ সমাজ, সাংস্কৃতিক কর্মী, পেশাজীবী, শিক্ষার্থীসহ সবাইকে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য আহ্বান জানিয়েছে এনসিপি।

স্থানীয় নির্বাচনে সৎ ও যোগ্যদের

নির্দেশনা দিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিুর রহমান। তিনি বলেছেন, ‘প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে মানবিক যোগ্যতাসম্পন্নদের দিকে খেয়াল রাখতে হবে। এক্ষেত্রে যারা হালাল উপার্জন এবং সমাজে গ্রহণযোগ্যতা ও নেতৃত্ব দেওয়ার সক্ষমতা রাছেন, তাকেই বাছাই করতে হবে। তিনি যে স্তরের জনশক্তিই হোন না কেন। এর মাধ্যমে এলাকার দায়িত্বশীল নেতৃত্ব গড়ে উঠবে।’ শনিবার (০৪ জুলাই) রাজধানীর মগবাজারে আল ফালাহ মিলনায়তনে জামায়াতে ইসলামীর জেলা ও মহানগরী কর্মপরিষদ সদস্যদের ৩ দিনব্যাপী শিক্ষাশিবিরের সমাপনী অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শফিুর রহমান বলেন, ‘উপমহাদেশে বিভিন্ন আন্দোলনের নেতৃত্ব প্য়ক্ষমানরাই দিয়েছে। জামায়াতে ইসলামীর দীর্ঘ ৮৬ বছরের পথচলায় অসংখ্য মানুষের ত্যাগ, কোরবানি ও আত্মত্যাগ রয়েছে। অনেকেই শহীদ হয়েছেন এবং তাদের অবদান জাতি স্মরণ করবে।’ সাংগঠনিক শৃঙ্খলার গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, ‘জামায়াতের মধ্যে শৃঙ্খলা, নীতি-নৈতিকতা ও জবাবদিহিতার সংস্কৃতি রয়েছে। দীর্ঘদিনের সুনাম ও অর্জন একটি ছোট ভুলের কারণে হ্রান হয়ে যেতে পারে।’ জামায়াত আমির বলেন, ‘সংগঠনের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ সাত্তাজাবাদী শক্তি ও সামাজিক প্রতিবন্ধকতা। মুসলিমরা সার্বজনীন গোষ্ঠী। কিন্তু আশ্চর্যজনক বিষয় হলো, তাদেরকেই বলা হয় সাম্প্রদায়িক গোষ্ঠী।’ ব্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রসঙ্গ টেনে বিরোধীদলীয় নেতা বলেন, ‘জনগণ দূর্নীতিমুক্ত সমাজ ও র‍াষ্ট্রব্যবস্থা প্রত্যাশা করে। সেই প্রত্যাশা পূরণে জামায়াতকে আরও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। ক্ষমতা অর্জনের চেয়ে আল্লাহর সন্তুষ্টি অর্জনই কর্মীদের মূল লক্ষ্য হওয়া উচিত।’ বক্তব্যে নারীর মর্যাদা ও পারিবারিক মূল্যবোধের বিষয়েও গুরুত্বারোপ করেন জামায়াত আমির। তিনি বলেন, ‘নারী-পুরুষের সমন্বয়েই সমাজ, সংগঠন ও রাষ্ট্র গড়ে ওঠে। তাই আমাদের সমান, তাদের কাজে সহযোগিতা করতে হবে। দীনের কাজে এগিয়ে আনতে হবে।’ শেষে কর্মপরিষদের সদস্যদের নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন, সংশ্লিষ্ট অমিরকে সহযোগিতা এবং সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল করার আহ্বান জানান তিনি। গত ২ জুলাই শুরু হওয়া এ শিক্ষাশিবিরে কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ড. মাওলানা হামিদুল হক ফারুকীর সম্বলনায় বিভিন্ন বিষয়ে আলোচনা করেন দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এটিএম মাহুম, ড. এএইএম হামিদুর রহমান আখান, মাওলানা আবদুল হালিম এবং অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়েরসহ কেন্দ্রীয় নেতারা।

৫ আগস্টেই আওয়ামী লীগের

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, সেই আওয়ামী লীগের দাফন হয়ে গেছে দিল্লিতে। শনিবার (৪ জুলাই) রাজধানীর আগারগাঁওয়ের বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে জুলাই-আগস্ট অভ্যুত্থান, শোক ও বিজয়ের বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত জুলাই জাতীয় সম্মেলনে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, স্বাস্থ্যী কর্মকাণ্ডের দায়ে রাজনৈতিক দল হিসেবে শিগগির আওয়ামী লীগকে বিচারের কাঠগড়ায় দাঁড় করানো হবে। এ বিষয়ে প্রয়োজনীয় প্রক্রিয়া চলমান। একই সঙ্গে তিনি জুলাই চেতনা নিয়ে ব্যবস্থা না করার আহ্বান জানান। তিনি সবাইকে এক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বলেন, আগামীর বাংলাদেশ বিনির্মাণে জাতির প্রত্যাশা অনেক। অর্থনৈতিক অবস্থা বিবেচনায় সবাইকে ধৈর্য ধারণ করতে হবে। সরকার তার পরিকল্পনা অনুযায়ী কাজ করছে। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, বিদেশে অবস্থান করে পতিত বৈরারচার ও তাদের সহযোগীরা দেশের স্থিতিশীলতা বিনষ্ট এবং গণতান্ত্রিক সরকারের বিরুদ্ধে নানা ধরনের ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। এসব অপতৎপরতার বিরুদ্ধে সরকার সতর্ক। জুলাই আন্দোলনের প্রসঙ্গ তুলে সালাহউদ্দিন আহমদ বলেন, জুলাইয়ের স্বপ্ন ও চেতনা ধারণ করে দেশকে এগিয়ে নিতে হবে। সেই চেতনার বাস্তবায়নের মধ্য দিয়েই বাংলাদেশ কাঙ্ক্ষিত উন্নয়ন ও অগ্রগতির পথে এগিয়ে যাবে।

জুলাই কারও একার

তারেক রহমান। তিনি বলেন, জুলাই অভ্যুত্থান কোনো দল বা ব্যক্তির নয়, এটি দেশের সব মানুষের অর্জন। জুলাইতে এত মানুষ জীবন দিয়েছে, তাদের লক্ষ্য ছিল এ দেশের পরিবর্তন। শনিবার (৪ জুলাই) রাজধানীর টান মৈত্রী সম্মেলন কেন্দ্রে জুলাই আন্দোলনে নিহতদের স্মরণে আয়োজিত ‘জুলাই জাতীয় সম্মেলনে’ এসব কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, যারা মানুষ হত্যা করেছে, তাদের বিচার এ দেশে আইন অনুযায়ী হবে। বৈরারচার যেমন বিচারের নামে অবিচার করেছে, আমরা যেন বিচারের নামে কোনো অন্যায় না করি। সে জন্য খেয়াল রাখতে হবে। প্রয়োজনে সময় লাগবে, তত্বও আইন অনুযায়ী যেন সঠিক বিচার হয়। তিনি বলেন, এমনভাবে দেশ গড়তে চাই, যেখানে মানুষ তার ন্যায় অধিকার ও সম্মান পাবে। যেখানে সবার জন্য নিরাপদ রাস্ত্র হবে। জাতিকে দ্বিবিভক্ত করে দেশকে এগিয়ে নেওয়া যায় না উল্লেখ করে তারেক রহমান বলেন, যারা বাংলাদেশের অন্ত্রিতে বিশ্বাস করে, দেশকে ঐক্যবদ্ধ রাখতে তাদের এগিয়ে আসতে হবে। বক্তব্যের একপর্যায়ে ব্যক্তিগত অভিজ্ঞতার কথাও তুলে ধরেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, ‘যদি মাকে জিজ্ঞেস করতে পারতাম মা, আমার ওপর ১৭ বছর যে অন্যায়-জুলুম, মানসিক নির্যাতন হয়েছে... তাদের বিরুদ্ধে এখন প্রতিশোধ নেই? মা বলতো, প্রতিহিংসা নয়, তেমনার দায়িত্ব সবাইকে নিয়ে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া।’ তিনি আরও বলেন, একই প্রশ্ন করলে, আমার ভাইও একই কথা বলতো। ১৭ বছর আগে যাদের সহকর্মী হিসেবে পেয়েছিলাম, তাদের অনেককেই হারিয়েছি, কারও কারও অঙ্গহানি হয়েছে। শারীরিক কষ্ট ও মানসিক যন্ত্রণা আমিও অনুভব করি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় সংসদের ছইপ নুরুল ইসলাম মনি। স্মরণসভায় জুলাই বিপ্লবের শহীদ ও অহতদের রমজান জুবায়ের, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক ফরুক ইসলাম সোহেলে, সদস্য সচিব মাসুদ রানা, পৌর স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সিনন মিয়া, সদস্য সচিব আমিনুল ইসলাম রবীন, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব জুবায়ের মাহমুদ, পৌর ছাত্রদলের আহবায়ক তরিকুল ইসলাম,মহেন্দিগঞ্জ পৌসভার নির্বাহী কর্মকর্তা মোঃহিদুল ইসলাম, পৌর প্রকৌশলী মোঃশাহাদাত শরীফ, উপসহকারী প্রকৌশলী শুকলল বিশ্বাস সহ পৌরসভার সলক কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং স্থানীয় বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

মেহেন্দিগঞ্জে নাগরিক সেবার মানোন্নয়নে

নাসিম ইসলাম তুহিন, সদস্য সচিব মাজহারুল ইসলাম পারভেজ, পৌর যুবদলের আহবায়ক মামুন মিয়াজি, বরিশাল উত্তর জেলা তাতী দলের আহবায়ক ইউনুসের রমজান জুবায়ের, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক ফরুক ইসলাম সোহেলে, সদস্য সচিব মাসুদ রানা, পৌর স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সিনন মিয়া, সদস্য সচিব আমিনুল ইসলাম রবীন, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব জুবায়ের মাহমুদ, পৌর ছাত্রদলের আহবায়ক তরিকুল ইসলাম,মহেন্দিগঞ্জ পৌসভার নির্বাহী কর্মকর্তা মোঃহিদুল ইসলাম, পৌর প্রকৌশলী মোঃশাহাদাত শরীফ, উপসহকারী প্রকৌশলী শুকলল বিশ্বাস সহ পৌরসভার সলক কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং স্থানীয় বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

বরিশাল শের-ই-বাংলা মেডিকেল

এলে তিনি তাক্ষরিকভাবে পিসি নাগর আলীয়ে জানান। পরে তার নেতৃত্বে আনসার সদস্যরা অভিযান চালিয়ে আরিফ জোমান্দার (৩৮) নামের এক ব্যক্তিকে আটক করেন। এ সময় তার কাছ থেকে চুরি হওয়া ৫ হাজার টাকা উদ্ধার করা হয়। আটক আরিফ জোমান্দারের বাবার নাম দুলাল জোমান্দার। তার বাড়ি বরিশাল সদর উপজেলার রূপাতলী এলাকার উর্কিল সড়কে। আনসার সদস্যরা উদ্ধার করা টাকা যথাযথভাবে ভুক্তভোগীর কাছে ফিরিয়ে দেন। পরে হাসপাতাল কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আটক ব্যক্তিকে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট থানার পুলিশকে কাছে হস্তান্তর করা হয়। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর পক্ষ থেকে জানানো হয়, হাসপাতালসহ বিভিন্ন জনসংবলক প্রতিষ্ঠানে নিরাপত্তা নিশ্চিত ও অপরাধ প্রতিরোধে বাহিনীর সদস্যরা নিয়মিত দায়িত্ব পালন করছেন। এই ঘটনাকে সেই দায়িত্ব পালনের একটি সফল উদাহরণ হিসেবে উল্লেখ করা হয়েছে।

ভিক্সু সেজে মা-ছেলে আশ্রয়

হয়েছে। বর্তমানে আশঙ্কাজনক অবস্থায় তিনি ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। বুধবার (১ জুলাই) দিবাগত মধ্যরাত্রে বরিশাল সদর উপজেলার চরমোনাই ইউনিয়নের মজারতে বরিশাল সদর উপজেলার চরমোনাই ইউনিয়নের বৈশি বৈশি সাফিয়ার বাড়িতে এসে রাতেওর জন্য আশ্রয় চান রুমা বেগম ও তার ছেলে শাকিল। সন্ধ্যা বিশাশে বৃদ্ধা সাফিয়া তাদের নিজের ঘরে থাকার আশ্রয় দেন। কিন্তু মধ্যরাত্রে মা-ছেলে মিলে সাফিয়ার গলায় ধাকা এক ভরি ওজনের স্বর্ণের চেইন ও কানের দুল ছিনিয়ে নেয়ার চেষ্টা করে। টের পেয়ে বৃদ্ধা চিৎকার দিলে অভিযুক্তরা ঘরে থাকা ধারালো বটি দিয়ে তার পেটে আঘাত করে পালিয়ে যায়। ওই রাতেই বৃদ্ধাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়। পরর্তীতে অবস্থার অবনতি হলে আশঙ্কাজনক অবস্থায় তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়। ভুক্তভোগীর ভাইয়ের ছেলে মাহবুবুর রহমান বলেন, ৭’ফুফ বাড়িতে একা থাকেন। এই সুযোগটিই নিয়েছে ওই অপরাধীরা। তারা যে পরিকল্পিতভাবে ভিক্সুরকে বেশে ফুফুর সরলতার সুযোগ নিয়ে বাড়িতে ঢুকেছে, তা পরিষ্কার।’ ভুক্তভোগীর আরেক ভাইয়ের ছেলে স্বপন জানান, হতার ফুফু এখন ঢাকায় মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন। এই ঘটনার সাথে জড়িত মা-ছেলের কঠোর শাস্তির দাবি জানান তিনি। শনিবার (৪ জুলাই) দুপুরে ঘটনার সত্যতা নিশ্চিত করে

বরিশাল কোতায়ালী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুন উল ইসলাম জানান, ‘ঘটনার পর থেকেই আসামিদের খেঁচুতারে তৎপরতা শুরু করে পুলিশ। পরবর্তীতে তথ্য-প্রযুক্তির সহায়তায় শুক্রবার মধ্যরাত্রে চরমোনাই এলাকায় অভিযান চালিয়ে মূল অভিযুক্ত মা ও ছেলেকে আটক করতে সক্ষম হন তারা।’ ৭ওসি আরও জানান, ‘এ ঘটনায় ভুক্তভোগী বৃদ্ধার ভাই মো. আশরাফ আলী সিকদার বাদী হয়ে কোতোয়ালি থানায় আটক দুই জনের বিরুদ্ধে মামলা দায়ের করেছেন। আসামিদের শনিবার বিকেলে আদালতে প্রেরণ করা হয়েছে।’

পায়রায় ৩ নম্বর

মাঝারি বৃষ্টিপাত হচ্ছে। উপকূলীয় এলাকায় বাতাসের গতিও বেড়েছে এবং নদ-নদীর পানির উচ্চতা স্বাভাবিকের চেয়ে কিছুটা বৃদ্ধি পেয়েছে। এদিকে দীর্ঘ নিষেধাজ্ঞা শেষে সাধারণ মাছ ধরতে নোড়র জেলেরা বৈরী আবহাওয়ার কারণে দ্রুত ঘাটে ফিরতে শুরু করেছেন। মহিপুর ও আলীপুর মৎস্যবাড়িতে ফিরে ট্রলারগুলো শিবিবাড়িয়া পোতাভ্রম্য়ে নোড়র করছে। মহিপুর আড়ত মালিক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি রাজু আহমেদ রাজা বলেন, ‘আবহাওয়া খারাপ থাকায় অধিকাংশ ট্রলার ইতোমধ্যে ঘাটে ফিরে এসেছে। তবে কিছু ছোট ট্রলার এখনো সাগরে রয়েছে, যারা হয়তো সিগন্যাল পাননি। আমরা আশা করছি, তারাও নিরাপদে ফিরে আসবে।’

অনৈতিক কাজে

হাসপাতালের মর্গে রয়েছে। ওসি সনজিৎ চন্দ্র নাথ বলেন, “প্রাথমিকভাবে এটি পারিবারিক কলহজনিত আত্মহত্যার ঘটনা বলে ধারণা করা হচ্ছে। অনৈতিক কাজে রাজি না হয়ে আত্মহত্যা করেছে বলে শুনেছি। তবে বিষয়টি তদন্ত না করে নিশ্চিত বলা যাবে না।” তিনি বলেন, “এ ঘটনায় এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ দেননি। অপমৃত্যুর মামলা হয়েছে। ময়নাতদন্ত শেষে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।”

স্বামীর সঙ্গে অভিমান

স্বামী-স্ত্রীর মধ্যে ঝগড়া হয়। রাতে রাকিব বাড়িতে ফিরলে আবারও তাদের মধ্যে কথা কাটাকাটি হয়। একপর্যায়ে রাকিব ঘর থেকে বের হয়ে গেলে সামিয়া ঘরের দরজা বন্ধ করে আড়ার সঙ্গে গুড়না পেঁচিয়ে গলায় ফাঁস দেন। পরে রাকিব ফিরে এসে সামিয়াকে ডাকাডাকি করেন। কিন্তু তার কোনো সাড়া শব্দ না পেয়ে ডাক চিৎকার দিলে আশাপাশের মানুষ ছুটে এসে দরজা ভেঙে ঘরে প্রবেশ করে তাকে খুঁজত অবস্থায় দেখতে পান। এরপর তাদের দ্রুত উদ্ধার করে তোলা সদর হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। সামিয়ার স্বামী রাকিব হোসেন জানান, দুপুরের ঝগড়ার পর রাতে স্ত্রীকে বোঝানোর চেষ্টা করেছিলেন। তখন সামিয়া আরও অভিমান করে রেগে পান। পরে তিনি ঘর থেকে বের হয়ে গেলে সামিয়া এ ঘটনা ঘটান। ভোলা সদর মহকুলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম বলেন, খবর পেয়ে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ভোলা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে।

বরিশাল বিভাগে ডেঙ্গু আক্রান্তে

ডেঙ্গু আক্রান্তে তৃতীয় স্থানে রয়েছে বরিশাল জেলা। এ জেলার শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল ও বিভিন্ন উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে ১ জানুয়ারি থেকে ৩০ জুন পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে ৪১২ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৩৮৩ জন। এখনো চিকিৎসাধীন আছেন ৩০ জন। বিভাগে ডেঙ্গু আক্রান্তে চতুর্থ স্থানে রয়েছে পটুয়াখালী জেলা। এ জেলার বিভিন্ন উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স এবং পটুয়াখালী মেডিকেল কলেজ ও হাসপাতালে ১ জানুয়ারি থেকে ৩০ জুন পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে ৩৪১ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৩২৫ জন। এখনো চিকিৎসাধীন আছেন ১৬ জন। বিভাগে ডেঙ্গু আক্রান্তে পঞ্চম স্থানে রয়েছে বরগুনা জেলা। এ জেলার হাসপাতাল ও বিভিন্ন উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে ১ জানুয়ারি থেকে ৩০ জুন পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে ২২৭ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ২০৭ জন। এখনো চিকিৎসাধীন আছেন ২০ জন। বিভাগের মধ্যে সবচেয়ে কম ডেঙ্গু আক্রান্ত হয়েছে ভোলা জেলায়। এ জেলার হাসপাতাল ও বিভিন্ন উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে ১ জানুয়ারি থেকে ৩০ জুন পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে ৭৪ জন। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৭৩ জন। এখনো চিকিৎসাধীন আছেন ১ জন। স্বাস্থ্য বিভাগ বলছে, চলতি বছরের শুরু থেকে এ পর্যন্ত বিভাগে উল্লেখযোগ্য সংখ্যক মৃত্যুর কোনো ঘটনা ঘটেনি। সে হিসেবে দেশজুড়ে ডেঙ্গুর প্রকোপ বাড়লেও বরিশাল বিভাগে এখন পর্যন্ত পরিস্থিতি অনেকাংশে নিয়ন্ত্রণে রয়েছে, যা অবশ্যই স্বস্তির। তাছাড়া হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের একটি বড় অংশ রাজধানী ঢাকা থেকে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে নিজ জেলায় ফিরে চিকিৎসা নিচ্ছেন। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নিতে আসা ডেঙ্গু রোগী সাহআলম বলেন, গত ২৭ তারিখে আমি এখানে ডেঙ্গুর জন্য ভর্তি হয়েছি। চিকিৎসার মান ভালো আছে কিন্তু জায়গা স্বল্পতার কারণে অনেক সমস্যা হচ্ছে। হাসপাতালে চিকিৎসা নিতে আসা আরেক রোগী সগির বলেন, এখানে ডেঙ্গু রোগী ও সাধারণ রোগী পাশাপাশি থাকে। কর্তৃপক্ষের উচিত ডেঙ্গু রোগের জন্য আলাদা ব্যবস্থা করা। এক রোগীর স্বজন এসেহলে ডেঙ্গুর জন্য ভর্তি হয়েছি। চিকিৎসার মান ভালো আছে আমরাও যদি আলাদা থাকতে পারি তাহলে সবাই সেবা ভালো মতো পাবে। ডেঙ্গু ভাইরাস ছড়ালে তো বিপদে পড়বো। বরিশাল জেলা সিভিল সার্জন ডা. এস.এম. মনজুর-এ-এলাহী বলেন, গত ২৪ ঘণ্টায় জেলায় কোনো ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হয়নি। তাছাড়া আগের তুলনায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা কমেছে। তবুও আমরা সতর্ক অবস্থানে থেকে হাডলে সদর হাসপাতাল এবং জেলার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে ডেঙ্গু রোগের চিকিৎসাশেবা দিয়ে যাচ্ছি। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক (ভারপ্রাপ্ত) ডা. মোহাম্মদ লোকমান হাকিম বলেন, সবার সচেতনতায় ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। সবাইকে মশার



কুয়াকাটা ও কক্সবাজারে পর্যটন খাতে বিনিয়োগ বাড়াতে ‘ইন্টেলিজেন্ট ইনভেস্টরস সামিট

কর্তীনখোলা রিপোর্ট

দেশের পর্যটন শিল্পে আধুনিক ও পরিকল্পিত বিনিয়োগের লক্ষ্যে দ্যা এম্পায়ার বে গ্রুপ-এর উদ্যোগে ‘ইন্টেলিজেন্ট ইনভেস্টরস সামিট-২০২৬’ অনুষ্ঠিত হয়েছে। গতকাল ৪ জুন (শনিবার) বরিশাল নগরীর রূপাতলী এলাকার একটি হলরুমে ‘ইন্টেলিজেন্ট ইনভেস্টরস সামিট-২০২৬’ অনুষ্ঠিত হয়। সামিটে কুয়াকাটা ও কক্সবাজারে আন্তর্জাতিক মানের হোটেল, রিসোর্ট ও স্টুডিও অ্যাপার্টমেন্ট নির্মাণের চলমান কার্যক্রম এবং ভবিষ্যৎ বিনিয়োগ পরিকল্পনা তুলে ধরা হয়। অনুষ্ঠানে বক্তারা বলেন, পর্যটন খাত দেশের অর্থনীতির অন্যতম সঞ্চারনাময় খাত। এই সঞ্চারনাকে কাজে লাগাতে দ্যা এম্পায়ার বে গ্রুপ সাগরকন্যা কুয়াকাটা ও কক্সবাজারে আধুনিক পর্যটন অবকাঠামো গড়ে তুলতে কাজ করে যাচ্ছে। এরই অংশ হিসেবে কুয়াকাটার ‘দ্যা এম্পায়ার বে হোটেল কুয়াকাটা’ এবং একটি অত্যাধুনিক স্টুডিও অ্যাপার্টমেন্ট প্রকল্পের নির্মাণকাজ চলমান রয়েছে। এসব প্রকল্প বাস্তবায়িত হলে পর্যটকদের জন্য উন্নত সেবা নিশ্চিত হওয়ার পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টি ও দেশের পর্যটন শিল্পে নতুন মাত্রা যোগ হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তারা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল চেয়ার অফ কর্মস এন্ড ইভলুটির সভাপতি এবায়দুল হক চান। সভাপতিত্ব করেন সাংবাদিক আবুল কালাম আজাদ। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দ্যা এম্পায়ার বে গ্রুপের চেয়ারম্যান মো. মহসিন সিকদার পাভেল, ব্যবস্থাপনা পরিচালক (ম্যানেজিং ডিরেক্টর) মো. নুরুজ্জামান হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মো. ফরিদ জামান, ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) মো. লোকমান হোসেন, ডিএসএম ও ট্রেনার আব্দুল্লাহ আল মামুন, বরিশাল ব্রাঙ্কের ডিভিশনাল ইন্চার্জ প্রকৌশলী আজিজুর রহমান সোহেল, সহকারী মহাব্যবস্থাপক (এজিএম) মো. সাগির আহমেদ এবং সিনিয়র প্রপার্টি অ্যাডভাইজার মো. জাহিদুল হক খান। সামিটে উপস্থিত বিনিয়োগকারী ও আমন্ত্রিত অতিথিদের উদ্দেশে বক্তারা দেশের পর্যটন শিল্পে দীর্ঘমেয়াদি ও লাভজনক বিনিয়োগের বিভিন্ন দিক তুলে ধরেন এবং কুয়াকাটা ও কক্সবাজারকে আন্তর্জাতিক মানের পর্যটন গন্তব্য হিসেবে গড়ে তুলতে সরকারি বিনিয়োগকারীদের এগিয়ে আসার আহ্বান জানান। অুষ্ঠানের শেষ পর্বে সঙ্গীত পরিচালক ইমন খান-এর পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত অতিথিরা আনন্দঘন পরিবেশে অনুষ্ঠান উপভোগ করেন।

বিস্তার রোধ করতে বাড়ির আশে-পাশে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। মশার কামড় থেকে নিজেকে রক্ষায় ব্যবস্থা নিতে হবে। এদিকে ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার বরিশাল সিটি করপোরেশন ও স্থানীয় স্বাস্থ্য বিভাগ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। মশক নিধনের জন্য নানা সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরিন বলেন, ডেঙ্গুর প্রধান বাহক হচ্ছে মশা। তাই জুন মাসকে আমরা মশক নিধন মাস ঘোষণা করেছি। ডেঙ্গু এবং চিকুনগুনিয়া প্রতিরোধে আমাদের কার্যক্রম অব্যাহত থাকবে। যে সব স্ত্রেনের মুখ বন্ধ হয়ে গেছে সেগুলোকে সচল করাসহ পানি যাতে শহরে না জমে সে চেষ্টা করে যাচ্ছি। সিটি করপোরেশনের পাশাপাশি নগরবাসীকেও ডেঙ্গু এবং চিকুনগুনিয়া প্রতিরোধে দায়িত্ব পালনের আহ্বান জানানো তিনি।

শাওন, মাহি ও ফরজানার

এক নারীর বিরুদ্ধে জুলাইকে নিয়ে অবমাননাকর মন্তব্য ও অপপ্রচারের অভিযোগে একটি সাধারণ ডায়েরি হয়েছে। অভিযোগ যেহেতু সাইবার সংক্রান্ত সেজন্য সদস্যের জন্য ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ সাইবার ইউনিট বরাবর অভিযোগের বিষয়টি যাচাই-বাছাইয়ের জন্য পাঠানো হয়েছে। তারা তদন্ত করবে। শাহবাগ থানা পুলিশ সূত্রে জানা গেছে, গত শুক্রবার রাষ্ট্র সংলাপ ফোরাম নামের একটি সংগঠনের পক্ষ থেকে কেন্দ্রীয় সদস্য সচিব আনাম আয়াস ও তুহিন ফরাজী এবং কেন্দ্রীয় মুখ্য সংগঠক মুহাম্মদ শাহ্ আলম বাদশা থানায় যান এবং তারা শাওন ও মাহির বিরুদ্ধে লিখিত অভিযোগ করেন। তারা সেই অভিযোগে জুলাই আন্দোলন সম্পর্কে অবমাননাকর বক্তব্য, সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত বক্তব্য ও পোস্টের বিষয়ে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণের আবেদন করেছেন। পুলিশ সেটি গ্রহণ করেছে। এখন সাইবার বিভাগ তদন্ত করবে। তদন্তে অভিযোগের সত্যতা মিললে গ্রেপ্তার হতে পারেন শাওনসহ অভিযুক্ত তিন নারী। এ ব্যাপারে জানতে চাইলে ডিবি দক্ষিণ সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম ইউনিটের উপ-কমিশনার (চিউ) মো. তরিকুল ইসলাম জানান, শাহবাগ থানার সেই ফরওয়ার্ডিং চিঠি, আমরা এখনো পাইনি। পেলে ব্যবস্থা নেওয়া হবে। ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি) মো. শফিকুল ইসলাম বলেন, শাহবাগ থানায় অভিনেত্রী মেয়ের অফরোজ শাওন, চিত্রনাট্যিকা মাহিয়া মাহি এবং শান্তা ফারজানা নামে এক নারীর বিরুদ্ধে অভিযোগ দাখিল হয়েছে শুনেছি। অভিযোগটি সাইবার অপরাধ সম্পর্কিত। কিন্তু এখনো অবশ্যই কোনো নথি আমাদের কাছে আসেনি। নথি আসলে আমলে নিয়ে আমরা তদন্ত করবো এবং আইন অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে।

নদী ভাঙন রোধে প্রধানমন্ত্রীর

প্রদর্শন করেন। বিএনপি নেতা আবু নাসের রহমাতুল্লাহ বলেন, বরিশালের নদী ভাঙন একটি দীর্ঘদিনের সমস্যা। প্রতিবছর নদীগর্ভে বিলীন হচ্ছে অসংখ্য বসতভিটা, কৃষিজমি, শিক্ষা প্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ স্থাপনা। ফলে হাজারো মানুষ মানবত্বের জীবনযাপন করতে বাধ্য হচ্ছেন। এসময় নদী ভাঙন রোধে টেকসই বাঁধ নির্মাণসহ জরুরি ভিত্তিতে কার্যকরী প্রকল্প বাস্তবায়নে সরকারের জরুরি উদ্যোগ গ্রহণের দাবি জানান। এ বিষয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের স্মৃতির দাবিও জানান রহমাতুল্লাহ। মানববন্ধন কর্মসূচিতে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন- সদর উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আ. সালাম রাটা, জেলা স্বেচ্ছাসেবক দলের ১ নম্বর যুগ্ম আহ্বায়ক আনোয়ার হোসেন টিটু, চন্দ্রমোহন ইউনিয়ন বিএনপি নেতা ইসরাইল পতিত, শায়েস্তাবাদ ইউনিয়ন বিএনপি নেতা হেমায়েত হোসেন মুরাদ, কাশিপুর ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক কল্যাণ সিদ্দিকী মো. জাহাঙ্গীর, টুলীবাড়িয়া ইউনিয়ন বিএনপি নেতা আনোয়ার হোসেন, জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আসিফ আল মামুন। মানববন্ধন শেষে নগরীতে একটি মিছিল বের করা হয়। মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে পুনরায় অশ্বিনী কুমার হলের সামনে গিয়ে শেষ হয়।

রাজাপুরে হামলার প্রতিবাদে

করেন। মানববন্ধনে বক্তব্য রাখেন স্থানীয় বাসিন্দা মো. মুকুল হক, আছিয়া বেগম, মো. আল আমীন, আহত খোকন মল্লিকের দুই ছেলে মো. নূর নবী মল্লিক ও মো. তানবীর মল্লিক এবং মেয়ে জেরিন আক্তার। বক্তারা বলেন, খোকন মল্লিক আওয়ামী লীগের সম্মানী় হামলার শিকার হয়ে বর্তমানে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তিনি গুরুতর আহত অবস্থায় মৃত্যুর সঙ্গে লড়াই করছেন। তারা হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, হামলাকারীদের দ্রুত গ্রেপ্তার করে আইনের আওতায় এনে সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে হবে। বক্তারা আরও অভিযোগ করেন, গত ১ জুলাই নিষিদ্ধ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে স্থানীয় আরিফ খানের বাড়িতে সদর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. আতিয়ার খান কেক কাটেন। এ বিষয় নিয়ে খোকন মল্লিকের সঙ্গে বাকবিতণ্ডা হয়। পরে আতিয়ার খান তার লোকজন নিয়ে খোকন মল্লিকের ওপর হামলা চালান বলে অভিযোগ করা হয়। এ সময় বক্তারা প্রশ্ন তোলেন, নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের নেতাকর্মীরা কীভাবে এখনও এলাকায় দলীয় কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। মানববন্ধন শেষে একই বাজার এলাকায় বিক্ষোভ কর্মসূচি পালন করেন স্থানীয়রা। বিক্ষোভে অংশগ্রহণকারীরা হামলাকারীদের দ্রুত গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বিভিন্ন প্লোগান দেন। তবে আরিফ খান তার বাড়িতে কেক কাটার অভিযোগ অস্বীকার করেছেন।

বালকাঠি ২৫০ শয্যা

আব্দুল হাই বলেন, চিকিৎসা মানুষের মৌলিক অধিকার। একটি আধুনিক হাসপাতাল এভাবে ফেলে রাখা কেবল প্রশাননিক অবহেলা নয়, বরং বালকাঠির মানুষের সাথে এক ধরনের অন্যায়। অবিলম্বে এই হাসপাতালটি পূর্ণাঙ্গভাবে চালু করে জেলার মানুষের চিকিৎসাসেবা নিশ্চিত করার জোর দাবি রাখেন তারা। অন্যথায় সাধারণ মানুষকে সাথে নিয়ে আরও বৃহত্তর কর্মসূচি ঘোষণা করা হবে বলে হুঁশিয়ারি দেন নেতৃবৃন্দ। উল্লেখ্য, বালকাঠির স্বাস্থ্য খাতের ত্রি বদলে দিতে ২০১৮ সালে এই ৫০০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছিল। পরবর্তীতে ২০২৩ সালে তৎকালীন সসদ সদস্য ভবনটির উদ্বোধন করলেও গত তিন বছরেও সেখানে চিকিৎসা কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি।

দাবি না মানলে পূর্ণ কর্মবিরতি

দাবি দাবা মেনে নেয়া না হয় তাহলে আমরা একযোগে সারা বাংলাদেশে ৬ জুলাই সোমবার থেকে পুরনো কর্মবিরতি এবং দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন কর্মসূচি চলমান থাকবে। প্রকৃতিসভায় উপস্থিত ছিলেন, বাংলাদেশ ডাক ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মোহাম্মদ সিরাজুল ইসলাম নিজাম, বাংলাদেশ ডাক ইউনিয়নের মুলাদী উপজেলা সভাপতি জাহিদুল ইসলাম, মোঃ ফয়সাল, মোঃ নান্টু, আনিচুর রহমান, মোঃ বাকি বিদ্বাহ, মোঃঃ শহিদা বেগম, ইলিয়াস খান সহ শাখা ডাকঘর কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ।

সন্ধ্যা নদীর ভাঙনে হুমকিতে স্কুল

উন্নয়ন বোর্ড (বাপাউবো) দক্ষিণাঞ্চলের প্রধান প্রকৌশলীর কাছে লিখিত আবেদন জানিয়েছেন এলাকাবাসী। আবেদনে উল্লেখ করা হয়, ২ নম্বর রামজানকাঠি সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে রামজানকাঠি রাস্তার মাথা লম্বঘাট পর্যন্ত প্রায় ৩০০ মিটার এলাকায় জরুরি ভিত্তিতে জিওব্যাগ ফেলা অত্যন্ত প্রয়োজন। তা না হলে নদীভাঙনের ফলে নতুন নির্মিত কার্পেটিং সড়ক নদীগর্ভে ফলিত হওয়ার আশঙ্কা রয়েছে। এলাকাবাসীর দাবি, ওই সড়কটি ক্ষতিগ্রস্ত হলে অন্তত তিনটি গ্রামের মানুষের চলাচল বন্ধ হয়ে যাবে। পাশাপাশি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীদের যাতায়াত ব্যাহত হবে এবং মহাসড়কের সঙ্গে এলাকার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়বে। আবেদনে আরও বলা হয়েছে, এর আগে ভাঙনরোধে জিওব্যাগ ফেলা হলেও নদীর তীব্র প্রত্যে ও অতিরিক্ত ভাঙনের কারণে অনেক জিওব্যাগ নদীগর্ভে তলিয়ে গেছে। ফলে নতুন করে জরুরি ভিত্তিতে জিওব্যাগ না ফেললে সরকারি প্রাথমিক বিদ্যালয়, বসতবাড়ি ও গুরুত্বপূর্ণ সড়ক রক্ষা করা সম্ভব হবে না। এলাকাবাসীর পক্ষে আবেদনপত্রে স্বাক্ষর করেছেন জাহাঙ্গীরনগর ইউনিয়ন যুবদলের সাবেক সভাপতি ও গ্রামবাংলা মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি এম. এ. মল্লান এবং বিশিষ্ট সমাজসেবক সৈয়দ মিলন হোসেন। এছাড়া আবেদনপত্রের অনুশীলি বরিশাল পানি উন্নয়ন সার্কারের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলী এবং বরিশাল-৩ আসনের সংসদ সদস্য আড্ডাভোকেট জয়রুল আবেদীনের কাছেও প্রদান করা হয়েছে।

ট্রলারের সেফ ভেঙে ৩ দিন

দিন আগে পাথরঘাটা বিএফডিসি ঘাট থেকে গভীর সমুদ্রের উদ্দেশ্যে পাথরঘাটা থেকে ১৭ জেলে নিয়ে সাগরে মাছ শিকার করতে যায়। ট্রলারে থাকা জেলেরদের বাড়ি পাথরঘাটা উপজেলার বিভিন্ন এলাকায়। গোলাম মোস্তফা চৌধুরী ট্রলার মালিকের বরাত দিয়ে বলেন, ‘গত শনিবার পাথরঘাটা থেকে গভীর সমুদ্রে মাছ শিকারের যাতায়াত জন্য রসদ সমাধ্বী নিয়ে রওয়ানা দেয়। গত তিন দিন আগে সেফ (পাখা) ভেঙে সেটি বিকল হয়ে যায়। পরে সাগরে ভাসতে ভাসতে মোবাইল নেটওয়ার্কের মধ্যে এলে ট্রলার মালিককে মোবাইলফোনে জানানো জেলেরা এবং তাদের উদ্ধারের জন্য অনুরোধ করেন তারা।’ গোলাম মোস্তফা চৌধুরী আরো বলেন, ‘ভাসমান জেলেরদের উদ্ধারের জন্য কোস্ট গার্ডের পশ্চিম জোনকে জানানো হলে তারাও উদ্ধার অভিযানে নেমেছে বলেও জানান এবং পাশাপাশি মৎস্যস্বামী ট্রলার মালিক সমিতির পক্ষ থেকে উদ্ধার অভিযান শুরু করেছে।’

প্রকল্পের মেয়াদ শেষ: ইলিশ

প্রশোদান, অভিযান চালানো, নজরদারি সবকিছুই হতো এই প্রকল্পের অংশ। এ প্রসঙ্গে ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের পরিচালক মোস্তা এমদাদুল হক বলেন, ২০২০ সালে শুরু হওয়া এই প্রকল্পের মেয়াদ দুই বছর বাড়ানো হয়েছিল। ২২৯ কোটি টাকার এ প্রকল্প শেষ হয় ৩০ জুন। নতুন করে এ ধরনের আরও আধুনিক প্রকল্প ছাড়া ইলিশ সম্পদ রক্ষা সম্ভব নয়। এ জন্য ইলিশ রক্ষায় আরেকটি ২০০ কোটি টাকার প্রকল্পের প্রস্তাব দিয়েছেন তাঁরা। তিনি বলেন, বর্তমানে সেটির ফিজিবিজিট স্টাডিজ চলছে। মন্ত্রণালয়, একনেক ঘুরে এটি আগামী এক দেড় বছরের আগে আলোর মুখ দেখবে না। এখন হয়তো রাজস্ব খাতে ইলিশের কার্যক্রম চলবে। কিন্তু ইলিশ সম্পদ রক্ষায় নতুন প্রকল্প না হলে কিছু ক্ষতি তো হবেই। কারণ এই প্রকল্পের মাধ্যমেই ইলিশ রক্ষা, জাটকা রক্ষা, অভয়াশ্রম রক্ষা চলত। তাঁরা যানবাহন ও জেলেরদের নানা সহায়তাও দিতেন। এবারও অভয়াশ্রমের ৪০ হাজার জেলেকে সহায়তা করেছে। সেই অর্থ কোথা থেকে আসবে, সেটা এখনো অনিশ্চিত। বরিশাল বিভাগীয় মৎস্য অধিদপ্তরের তথ্যমতে, এই প্রকল্প হাতে নেওয়ার পর ২০১৯-২০ অর্থবছরে বিভাগে ইলিশের মোট উৎপাদন হয়েছিল ৩ লাখ ৫৭ হাজার ৯৮৭ টন। ২০২০-২১ অর্থবছরে বিভাগে ইলিশের মোট উৎপাদন হয়েছিল ৩ লাখ ৬৯ হাজার ৩০১ টন। ২০২৪-২৫ অর্থবছরে বিভাগে ইলিশের মোট উৎপাদন হয়েছিল ৩ লাখ ৩৪ হাজার ৭৮৩ টন। সর্বশেষ ২০২৫-২৬ অর্থবছরে বিভাগে ইলিশের মোট উৎপাদন হচ্ছে ২ লাখ ২৬ হাজার ৮০ টন। প্রকল্প হাতে নেওয়ার পরও ইলিশের উৎপাদন কমেছে। তবে মৎস কর্মকর্তারা বলছেন, এই প্রকল্প যতই চলমান না থাকে, উৎপাদন আরও কমাবে। এ প্রসঙ্গে ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক মোহাম্মদ নাসির উদ্দিন বলেন, ‘ইলিশ আমাদের জাতীয় মাছ

এবং জিআই পণ্য। সে কারণে ইলিশের চাহিদার ওপর চাপও বেশি। কিন্তু দিন দিন ইলিশের উৎপাদন ও আকার কমছে। এ জন্য আমাদের নদ-নদীর পাশাপাশি সাগরে ইলিশ রক্ষায় জোর দিতে হবে। আর এ জন্য ইলিশ রক্ষায় নতুন করে বড় আকারের প্রকল্পের বিকল্প নেই।’ তিনি বলেন, নতুন প্রকল্পের আওতায় নদী দুধণ, ভরাট এবং সাগরে ইলিশের উৎপাদন বাড়াতে নানা কর্মকৌশলের প্রস্তাব দেওয়া হয়েছে। ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের পরিচালক এমদাদুল হক জানান, তাঁরা শেষ চার বছরে মা ইলিশ রক্ষায় ৬ হাজার ৫৬টি অভিযান, ৮ হাজার ক্বিং অভিযান এবং জাটকা রক্ষায় ১৯ হাজার অভিযান চালিয়েছেন। এ প্রসঙ্গে বরিশাল জেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা ড. মো. হাদিউজ্জামান বলেন, ‘ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় আমাদের এত অভিযান চলত। ২২ দিনের মা ইলিশ রক্ষা অভিযানকালে হিজলা, মেহেন্দীগঞ্জের মতো বড় উপজেলায় ২৫-৩০ লাখ টাকা বরাদ্দ দেওয়া হতো এ প্রকল্পের মাধ্যমে।’ এসব অভিযানকালে প্রতিটি বড় ষড়্‌শিপবাটে ঘন্টায় ৫০-৬০ লিটার তেল লাগে। এ খরচও মিটত ওই প্রকল্পে। এ ছাড়া জেলেরদের সহায়তা, নৌ পুলিশ, প্রশাসন, কোস্ট গার্ডকে অভিযানকালে বরাদ্দ দেওয়াও হতো এ প্রকল্পের আওতায়। হাদিউজ্জামান বলেন, প্রকল্প না থাকলে হয়তো সরকার রাজস্ব খাত দিয়ে চালাবে। কিন্তু তা চলমান রাখা চ্যালেঞ্জিং হয়ে পড়বে। এদিকে ইলিশ না পেয়ে হতাশ জেলেরা। মেঘনা তীরবর্তী উদীয়ারীর জেলে তোফায়েল হোসেন বলেন, মাছ ধরে এখন আর সংখার চলে না। কেননা গত দু দিন ধরে মেঘনায় নেমে ইলিশের দেখা মেলেনি। তিনি মনে করেন, সরকার সহায়তা না করলে জাল, বোট তৈরি করে নদীতে মাছ ধরা সম্ভব না। বরিশাল সদর উপজেলার চন্দ্রমোহন ইউনিয়নের কালাবদর নদীতে এক যুগ ধরে মাছ ধরেন জেলে ছালাম। তিনি জানান, জাল নিয়ে নদীতে নামলেই মেওয়া পাওয়া যাবে, সেই আশা নেই। নদীতে ইলিশ খুব কম পাচ্ছেন। ইলিশের আহরণ ও উৎপাদন বাড়াতে জাটকা ধরা যেমন বন্ধ করতে হবে, তেমনি সরকারকে জেলেরদের সহায়তা করতে হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের কোস্টাল স্টাডিজ অ্যান্ড ডিভেস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. হাফিজ আশরাফুল হক বলেন, ‘আমাদের নদী মরে গেছে, চ্যানেল কমে গেছে। ইলিশ গভীর জলের মাছ। পানিই নাই, তাহলে ইলিশ কী করে চিরণ করবে। নদীতে তো দ্রোতও কমে গেছে। তা ছাড়া জলবায়ু পরিবর্তনের কারণে নদীর পানির তাপমাত্রা বাড়ছে। এসব কারণে ইলিশের উৎপাদন কমে যাচ্ছে এবং আকারও ছোট হচ্ছে।’ তিনি মনে করেন, ইলিশ সম্পদের উন্নয়নে গুপু প্রকল্প নিলেই হবে না। উন্মুক্ত পরিবেশে প্রাকৃতিকভাবে ইলিশকে বিচরণের সুযোগ দিতে হবে।

পায়রা নদীর তীব্র ভাঙনে হুমকিতে

বসতভিটা ভেঙে যাচ্ছে। বসতবাড়ি ও জমি হারিয়েছেন গ্রামের অনেকে। তীব্র ভাঙনে মির্জাগঞ্জের পিণ্ডাখালী, সুন্দরা কালিকাপুর এবং কালিকাপুর গ্রামের ফসলি জমি, বসতবাড়ি নদীতে বিলীন হয়েছে। ভাঙন তীব্র হওয়ায় অতীত্বিত বহু পরিবার। স্থানীয় বাসিন্দাদের একজন বলেন, আমরা ব্যক্তি হলে পড়ছে। যেকোনো মুহূর্তে নদীর গর্ভে বিলীন হয়ে যেতে পারে। ধারাবাহিক ভাঙন রোধে সংশ্লিষ্টদের কর্মপরিকল্পনা না থাকায় দুমকির বাহেরচর, আঙ্গারিয়া এবং মির্জাগঞ্জের তিনটি গ্রাম যুগের পর যুগ ধরে ভাঙছে। ভাঙন রোধে স্থায়ী সুরাহা না হওয়ায় রিপাকে অসহায় মানুষ। অবরোধপ্রাপ্ত পুলিশ সদস্য মো. শাহজাহান খান বলেন, ‘স্থায়ীভাবে সমস্যার সমাধান করা হলে এর থেকে আমরা পরিত্রাণ পেতে পারি।’ চলতি বছর পটুয়াখালী পাউবো সার্কেলে নদী ভাঙন রোধে নির্মিত বেড়িবাঁধে নতুন করে ৭ কিলোমিটার সংস্কার করা হলেও রচম বৃকিতে রয়েছে আরও ১০ কিলোমিটার বাঁধ। ভাঙনের তীব্রতা বিবেচনায় জরুরি ভিত্তিতে সংস্কারের কথা জানানো এ কর্মকর্তা। পটুয়াখালী পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. রাকিব বলেন, ‘প্রায় ১০ কিলোমিটার বেড়িবাঁধ রয়েছে। যেগুলো যুকিপূর্ণ অবস্থায় রয়েছে। আমরা নজরদারি রাখছি। কোনো খারাপ অবস্থার সৃষ্টি হলে আমরা ব্যবস্থা গ্রহণ করবো।’ নদী ভাঙন রোধে কার্যকর ভূমিকা গ্রহণের মাধ্যমে ভুক্তভোগীদের সমস্যার সমাধান হবে এনেটাই প্রত্যাশা।

‘যারা আমাদের ইমামকে হত্যা

(৪ জুলাই) সাধারণ মানুষের জন্য কফিনটি উন্মুক্ত করে দেওয়া হয়েছে। এরপর সেখানে সাধারণ ইরানিদের ঢল নামে। তারা সেখানে সম্মতিত কষ্টে প্লোগান দেন। তাদের বলতে শোনা গেছেহু “প্রতিশোধ গ্রহণেশো, আমরা হত্যা করব, আমরা হত্যা করব আমাদের ইমামেরে হত্যাকারীকে।” এছাড়া “গেথ টু আমেরিকা ও ডেথ টু ইসরায়েল” প্লোগানও দেন তারা। গত ২৮ ফেব্রুয়ারি দখলদার ইরানেলে ও যুক্তরাষ্ট্র যৌথ হামলা চালিয়ে আয়াতুল্লাহ আলি খামেনিকে হত্যা করে। এ সময় তার সঙ্গে পরিবারের অন্যান্য সদস্যরাও প্রাণ হারান। দীর্ঘ প্রায় চার মাস তাদের মরদেহ অজ্ঞাত স্থানে রাখা হয়েছিল। গতকাল প্রথমবারের মতো কফিনবন্দি তাদের নিথর দেহগুলো প্রকাশ্যে আনা হয়। সাবেক সূত্রিম লিডার আয়াতুল্লাহ আলি খামেনির শেষ বিদায়ে অংশ নিয়েছেন লাখ লাখ মানুষ। তবে এতে উপস্থিত হননি তার ছেলে ও বর্তমান সূত্রিম লিডার মোজতবা খামেনি। জর্জটাউন ইউনিভার্সিটি অব কাতারের মেসোপী প্রফেসর পল মুসহাবত সবদাদ্যামহ আলজাজিরাকে বলছেন, কেন মোজতবা শেষ বিদায়ে হেই তা খুবই সহজবোধ্য। তিনি বলেন, “ইরান ধরে নিয়েছে ইসরায়েল এক অস্ত্রাট্টিরিয়ায় নেতৃবৃন্দকে হত্যা করবে। চলতি বছরের মতো হামলা চালাতে পারে। অতীতে ইরান এমন জানাজাকে রাজনৈতিক নেতাদের হত্যাজন্য ব্যবহার করেছে।”

ধারণার চরেও কমে যেতে পারে

ফেডারেল রিজার্ভ যদি সুদের হার বাড়িয়ে দেয়, তবে সোনার দাম ধারণার চেয়েও কমে পারে। সুদের হার বেশি থাকলে বিনিয়োগকারীরা সোনার চেয়ে অন্য লাভজনক খাতগুলোতে বিনিয়োগ বাড়াতে পছন্দ করেন। এর ফলে সোনা বা এই জাতীয় অনুৎপাদনশীল ধাতুর বাজারে বড় চাপ তৈরি হয়। প্রধান ব্যাংগুলো থেকে সোনার চাহিদা আশুপূরণ না হওয়ায় দাম বাড়ার লক্ষ্যমাত্রা কিছুটা কমিয়েছে জেপি মরগান। নতুন পূর্বাভাস অনুযায়ী, চলতি বছরের তৃতীয় প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) প্রতি আউন্স সোনার দাম ৪ হাজার ৩০০ ডলার এবং চতুর্থ প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর) ৪ হাজার ৫০০ ডলার হতে পারে। অর্থাৎ গত ৯ জুনের এক পূর্বাভাসে জেপি মরগান জানিয়েছিল, বছরের শেষে নাগাদ সোনার দাম আউন্সপ্রতি ছয় হাজার ডলারে পৌঁছাতে পারে। তবে নতুন মূল্যায়নে সেই অবস্থান থেকে অনেকটাই সরে এসেছে ব্যাংকটি। এদিকে, গত শুক্রবার (৩ জুলাই) অষ্ট্রার্জতিচ বাজারে স্পট গোল্ডের দাম ১ দশমিক ৩ শতাংশ বেড়ে প্রতি আউন্স ৪ হাজার ১৭৪ দশমিক ২১ ডলারে লেনদেন হয়েছে। চলতি সপ্তাহে ধাতুটির দাম সাময়িকভাবে দুই শতাংশের ঘুরে দাঁড়াবে। সাময়িক ওঠানামা এবং দাম কমার ঝুঁকি থাকলেও দীর্ঘমেয়াদে সোনার বাজার নিয়ে আশাবাদী জেপি মরগান। ব্যাংকটি বলছে, ২০২৭ সাল নাগাদ সোনার দাম আবার বাড়তে পারে। বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংকগুলোর সোনা কেনা এবং বাজারে বাস্তব চাহিদা বৃদ্ধির কারণে এই বাজার আবারও ঘুরে দাঁড়াবে। সোনার পাশাপাশি অন্যান্য মূল্যবান ধাতুর দামেরও পূর্বাভাস দিয়েছে জেপি মরগান। তাদের মতে, আগামী দিনগুলোতে প্রতি আউন্স রূপার গড় দাম ৬০ থেকে ৬৫ ডলার হতে পারে। এছাড়া ২০২৬ সালের শেষ নাগাদ গ্যাটমিটারের দাম আউন্সপ্রতি ১ হাজার ৮০০ ডলার এবং ২০২৭ সালে তা ৩ হাজার ৯৫০ ডলারে পৌঁছতে পারে। অন্যদিকে প্যালাডিয়ামের দাম ২০২৬ সাল নাগাদ

আউন্সপ্রতি ১ হাজার ৩৫০ ডলার হতে পারে বলে পূর্বাভাসে জানানো হয়েছে।

ফুটন্ত ভাতের পাতিল ঢেলে

স্ত্রী। অতিযুক্ত সালামা বেগম তার স্বামীর বোন। পরিবারের সদস্যরা জানান, ঘটনার সময় শারমিন বেগম রান্নাঘরে ভাত রান্না করছিলেন এবং সবজি কাটছিলেন। এ সময় সালামা বেগম হঠাৎ ফুটন্ত ভাতের পাতিল তার শরীরের ওপর ঢেলে দেন। এতে তিনি গুরুতর দগ্ধ হন। পরে স্থানীয় বাসিন্দা ও স্বজনরা তাকে উদ্ধার করে বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। আহতের স্বামী দুলাল পাদাা বলেন, “আমার বোন সালামা বেগম দীর্ঘদিন ধরে মানসিক সমস্যায় ভুগছেন। হঠাৎ করেই সে এ ঘটনা ঘটিয়েছে।” বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক ডা. মোস্তাফিজুর রহমান জানান, শারমিন বেগমের শরীরের প্রায় ২০ শতাংশ দগ্ধ হয়েছে। প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকার ন্যাশনাল ইনস্টিটিউট অব বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি হাসপাতালে পাঠানো হয়েছে। বাউফল থানার অফিসার ইনচার্জ (ওসি) সিরাজুল ইসলাম জানান, সরেজমিনে তদন্ত কর্মকর্তা পাঠানো হয়েছে। পরিবারের সদস্যরা অভিযোগ দিলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

আমতলীতে ডিজিটাল ভূমি জরিপে

শুক্রবার বিকালে সহপ্রাধিক কৃষক মহিষকাটা বাজারে মানববন্ধন কর্মসূচি পালন করেন। স্থানীয় কৃষক মো. আলী আকব্বর এর সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য দেন সমাজসেবক মো. নজরুল মাতুব্বর, মো. রসায়ান মুরাদ, ছালাম সিকদার, মো. রুহুল আমিন, জয়নাল সিকদারহা আরো অনেকে। বক্তারা অভিযোগ করেন, আমতলী উপজেলা সেটেলমেন্ট অফিসে ডিজিটাল ভূমি জরিপের সঙ্গে সংশ্লিষ্ট কিছু ব্যক্তি ঘুষের বিনিময়ে একজনের জমি আনুজনের নামে রেকর্ড করে দিচ্ছেন। এছাড়া একটি খতিয়ানকে অযৌক্তিকভাবে একাধিক খতিয়ানে বিভক্ত করে পরে তা সংশোধনের জন্য মোটা অঙ্কের অর্থ দাবি করা হচ্ছে। তাদের দাবি, টাকা ছাড়া অফিসে কোনো কাজই হচ্ছে না কৃষক নজরুল মাতুব্বর বলেন এই জরিপের বিরুদ্ধে ২০১৬ সালে সেপ্টেম্বর মাসে বাংলাদেশ সূত্রিম কোর্ট হাইকোর্ট বিভাগে একটি মামলা করেছি, মামলাটি চলমান আছে। যার নম্বর ৪৮৬৫, হাই কোর্ট বিভাগ জরিপের বিরুদ্ধে ২০১৭ সালের জানুয়ারি মাসে রুল জারি করে জরিপ বন্ধ করে দেন। হাইকোর্টের আদেশ অমান্য করে জরিপ কর্তৃপক্ষ ৮/১০ দিন পূর্বে পুনরায় জরিপ কার্যক্রম চালু করলে স্থানীয় কুকুরা ইউনিয়নের সহপ্রাধিক কৃষক মিলিত হয়ে মহিষকাটা বাজারে জরিপ বন্ধের জন্য ঘন্টাব্যাপী মানববন্ধন পালন করেন। অভিযোগের বিষয়ে জানতে চাইলে আমতলী উপজেলা সেটেলমেন্ট কার্যালয়ের সহকারী সেটেলমেন্ট অফিসার মো. হাবিবুর রহমান বলেন, “ঘুষ, অনিয়ম ও দুর্নীতির যে অভিযোগ আনা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা। আমাদের কোনো কর্মকর্তা-কর্মচারী এসব কর্মকাণ্ডের সঙ্গে জড়িত নন। এ বিষয়ে আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ জামর আরিফ চৌধুরী বলেন, বিষয়টি খতিয়ে দেখা হবে।

লঘুচাপে সাগর উত্তাল

উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় একটি লঘুচাপ অবস্থান করছে, যা আরও ঘনীভূত হতে পারে। এর প্রভাবে আগামী ৫ দিন (১২০ ঘণ্টা) দেশজুড়ে বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকবে এবং দেশের কোথাও কোথাও অতি ভারী বর্ষণ হতে পারে। অবহাওয়া অধিদপ্তর আরও জানায়, উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

প্রবাসীর বাড়িতে ডাকতি

চৈন, কানের দুলসহ শরীরে থাকা স্বর্ণালংকার খুলে নেয়। ডাকাতদের হাতে দেশীয় অস্ত্র ও আগ্নেয়াস্ত্র ছিল। তারা কাউকে দিগ্ভ্রান্ত করতে দেয়নি এবং খাটের পাটাতনের নিচে লুকিয়ে রাখা স্বর্ণালংকারও খুঁজে বের করে নিয়ে যায়। তিনি বলেন, ‘ডাকাতেরা পূর্বপরিকল্পিতভাবে এ ঘটনা ঘটিয়েছে। কারণ, আগের দিন ব্যাংক থেকে উত্তোলন করা নগদ অর্থের বিষয়েও তারা অসন্তোষ ছিল এবং সেই টাকাও লুট করে নেয়।’ পাথরঘাটা থানার ওসি মোহাম্মদ আলীম জানান, খবর পেয়ে তিনি রাতেই ঘটনাস্থল পরিদর্শন করেন। প্রাথমিক তদন্তে জানা গেছে, ছয় থেকে সাতজনের একটি ডাকাত দল জানালা ভেঙে ঘরে প্রবেশ করে নগদ টাকা ও স্বর্ণালংকার লুট করে নিয়ে যায়। তিনি আরও জানান, ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্ত ও গ্রেপ্তারে পুলিশ কাজ করছে। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে এবং আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

সাবেক উপজেলা চেয়ারম্যান

ছোয়াযোগ্যমাধ্যমেও তাকে ঘিরে নানা অভিযোগ ও আলোচনা ছড়িয়ে পড়ছে। তবে এসব অভিযোগের বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনীর তদন্ত এবং আদালতের বিচারিক প্রক্রিয়া চলমান রয়েছে। আইন অনুযায়ী তদন্ত শেষে আদালতের রায়ের মাধ্যমেই অভিযোগগুলোর সত্যতা নির্ণয়িত হবে।

ভাণ্ডারিয়ায় ১০ লাখ টাকার অবৈধ

ও মাছ ধরার সপ্তম্রম্ম জন্ম করা হয়েছে। জন্মকৃত মালামালের মধ্যে রয়েছে ক্ষতিকর চায়না দুয়ারী, চড়ুয়ারা জাল, বালবুসনা, চাই বুসনা এবং বাধাচাল। এই অবৈধ মালামাল রাখার দায়ে এবং এর সাথে জড়িত থাকার অপরাধে দুজনকে আটক করা হয়েছে। আটককৃত ব্যক্তিরা হলেন পাড়েরহাট এলাকার মোসলেম উদ্দিন খানের ছেলে মোঃ রেজওয়ান খান (২৫) এবং ভাণ্ডারিয়া এলাকার লতিফ হাওলাদারের ছেলে মোঃ জয়নাল হাওলাদার (৬০)। ভাণ্ডারিয়া উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হাবিবুল হাসান নসরীর উপস্থিতি থেকে এই মোবাইল কোর্ট পরিচালনা করেন। অভিযানে তাকে সার্বিক সহযোগিতা করেন উপজেলা মৎস্য অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং ভাণ্ডারিয়া থানা পুলিশের একটি টৌকস ফোর্স। অভিযান শেষে জন্মকৃত ক্ষতিকর অবৈধ জালের বিশাল চালানটি ভাণ্ডারিয়া লম্বঘাটে নিয়ে যাওয়া হয় এবং সেখানে স্থানীয় জনসাধারণের উপস্থিতিতে আঙনে পুড়িয়ে সম্পূর্ণভাবে ধ্বংস করা হয়। অভিযান প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হাবিবুল হাসান বলেন, “ভাণ্ডারিয়া উপজেলার অভ্যন্তরে যেকোনো ধরনের অবৈধ অপব্যবহার রাখা, ব্যবসা করা কিংবা আইনবিরোধী কাজ সম্পূর্ণভাবে বন্ধ করা হবে। জনস্বার্থ ও দেশের মৎস্য সম্পদ রক্ষায় প্রশাসন কোনো ধরনের সহযোগিতা করবে না। আমাদের এই কঠোর অভিযান আগামীতেও অব্যাহত থাকবে।” ?এদিকে প্রশাসনের এমন জনবান্ধব, তাৎক্ষণিক ও কঠোর পদক্ষেপকে সাধুবাদ জানিয়েছেন ভাণ্ডারিয়ার সচেতন এলাকাবাসী। তারা মনে করছেন, এ ধরনের অভিযানের ফলে নদ ও জলাশয়ের দেশীয় মাছের প্রজনন ও উৎপাদন সুনিশ্চিত থাকবে।

কোটা আন্দোলন থেকে গণঅভ্যুত্থানের

গণআন্দোলনে রূপ নেয়। এর ফলে দেশে এক নতুন প্রেক্ষাপট তৈরি হয়েছে। এখন আমাদের কাজ হলো গণতন্ত্র, সুশাসন ও মানুষের ভোটাধিকার প্রতিষ্ঠায় এক্যবদ্ধভাবে কাজ করা।’ জনগণের ন্যাবা অধিকার আদায়ে তার দল ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে বলেও তিনি উল্লেখ করেন। দুমকি উপজেলা গণঅভ্যুত্থানের পরিষদের সভাপতি মো. মুন্না ফরাজীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মো. নাসির উদ্দিন জুয়েলের সম্বলনায় সভায় বিশেষ অতিথি ছিলেন দলের উচ্চতর পরিষদের সদস্য

কৃষিবিদ মো. শহিদুল ইসলাম ফাহিম। সভায় অন্যঅ্যের মধ্যে বক্তব্য দেন উপজেলা বিএনপির সাবেক সভাপতি অধ্যক বাহাউদ্দীন বাহার, দুমকি প্রেসক্লাবের সভাপতি অধ্যক মো. জসিম উদ্দিন সুমন, বেসরকারি স্কুল-কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক মো. জামাল হোসেন, বীর মুক্তিযোদ্ধা সোহরাব শরীফ, জলিশা প্রতিবন্ধী বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ সোহেল খান প্রমুখ। সভায় স্থানীয় সুশীল সমাজ, গণমাধ্যমকর্মী, শিক্ষক ও বিভিন্ন শ্রেণিপেশার মানুষ উপস্থিত ছিলেন। বক্তারা দেশ গঠনে জনসম্পৃক্ত রাজনীতি এবং সাধারণ মানুষের অধিকার আদায়ে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

বাৰ্খী ডিগ্রি কলেজে শিক্ষার

সালাম, গৌরনদী প্রেসক্লাবের সাবেক সভাপতি মোহাম্মদ গিয়াস উদ্দিন মিয়া, কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক স্বপন কুমার পাড়ে, বাৰ্খী কলেজ গভর্নিং বডির সদস্য এডভোকেট মনিরুজ্জামান মনির, মোহাম্মদ হাবিবুর রহমান, টরকী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ব্রজেন্দ্র নাথ, খাঞ্জাপুর পাংগাশিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ ফরিদুল ইসলাম, চাদশী ইশ্বর চন্দ্র মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক কাজী আসাদুজ্জামান, ধানডোবা মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক মানিক তালুকদার, বাকাই নিরঞ্জন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অখিল চন্দ্র দাস, ইল্হা দাখিল মাদ্রাসার সুপার মাওলানা সাদিকুর রহমান, পালারদী মডেল স্কুল এড কলেজের সহকারি প্রধান শিক্ষক মোহাম্মদ ইলিয়াস হোসেন,বাৰ্খী মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মোঃ সেলিম বেপারী, বিশিষ্ট সমাজসেবক এস এম মোশাররফ হোসেন, বাৰ্খী ইউনিয়ন বিএনপির আহ্বায় মিজানুর রহমান মিন্টু। অনুষ্ঠানটি সম্বলানা কনের কলেজের সহকারী অধ্যাপক জহির উদ্দিন দৌলন। সভায় কলেজের শিক্ষার গুণগত মান বৃদ্ধি, শিক্ষার্থীদের জন্য সুষ্ঠু ও নিরাপত্ত শিক্ষার পরিবেশ নিশ্চিতকরণ, অবকাঠামোগত উন্নয়ন, আধুনিক শিক্ষা কার্যক্রম সম্প্রসারণ এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ সময় কলেজের শিক্ষকবৃন্দ, পরিচালনা পর্ষদের সদস্য এবং সংশ্লিষ্ট ব্যক্তিতা উপস্থিত ছিলেন। বক্তারা বলেন, একটি শিক্ষাপ্রতিষ্ঠানের উন্নয়ন শুধু অবকাঠামোর মাধ্যমেই সীমাবদ্ধ নয়; বরং মানসম্মত শিক্ষা, শৃঙ্খলা, নৈতিক মূল্যবোধ এবং শিক্ষক-শিক্ষার্থীদের পারস্পরিক সহযোগিতার মাধ্যমেই একটি প্রতিষ্ঠান কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারে। সভায় অংশগ্রহণকারীরা কলেজের সার্বিক উন্নয়ন ও শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখতে সম্মিলিতভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। সভা শেষে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়।

লালমোহনে কলেজছাত্র

প্রক্রিয়ার মাধ্যমে ওই ঘাতককে যেন পৌছাত শাস্তি তথা ফাঁসি নিশ্চিত করা হয়। এছাড়া বিচারকার্যে কোনো ধরনের অবহেলা বা আসামিকে ছাড় দেয়ার চেষ্টা করা হলে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে বলেও হুঁশিয়ারি দেন বজোরা। প্রসঙ্গত, গত বৃহস্পতিবার দুপুরে লালমোহন পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের স্বনির্ভর সড়ক এলাকায় প্রেম সংক্রান্ত বিরোধের জেরে স্থানীয় আব্দুল ওহাব মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী আব্দুল্লাহ আল মনিকের এলোপাভারি ছুরিকামাতে নিহত হন ডা। আজহার উদ্দিন ডিগ্রি কলেজের একদশ শ্রেণির শিক্ষার্থী মো. ইব্রাহিম খলিল নয়ন। ঘটনার পর হত্যাকারী নিজেই থানায় গিয়ে আত্মসমর্পণ করে। শুক্রবার সকালে তাকে আদালতে পাঠায় লালমোহন থানা পুলিশ।

ক্রেটিপূর্ণ ট্রান্সফরমার বিক্ষোরণে

আগুন, স্থানীয়দের তৎপরতায় রক্ষা

মুলাদী প্রতিনিধি
বরিশালের মুলাদীতে পৌর এলাকায় দীর্ঘদিনের ক্রেটিপূর্ণ একটি বৈদ্যুতিক ট্রান্সফরমার বিক্ষোরণে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। তবে স্থানীয় ব্যবসায়ী ও পঞ্চচারীদের তাৎক্ষণিক তৎপরতায় বড় ধরনের দুর্ঘটনা এবং জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি থেকে রক্ষা পেয়েছে পুরো এলাকা। ? শুক্রবার সন্ধ্যা সাড়ে ষেটার দিকে মুলাদী পৌরসভার রেইনট্রিতলা এলাকায় ওয়ালটল ও মার্বেল শোরুমের সামনে এ ঘটনা ঘটে। স্থানীয় ব্যবসায়ী মার্বেল ইলেকট্রনিক্সের মালিক নিজাম উদ্দীন রাষ্ট্রী জানান, রেইনট্রিতলা এলাকার মার্বেল ইলেকট্রনিকস স্টোরের ওপরে থাকা ওই বৈদ্যুতিক ট্রান্সফরমারটিতে দীর্ঘদিন ধরে সংযোগজনিত ক্রেটি ছিল। বিষয়টি সংশ্লিষ্ট বিদ্যুৎ অফিসে একাধিকবার জানানো হলেও তারা কোনো কার্যকর পদক্ষেপ নেয়নি। বিদ্যুৎ বিভাগের এই উদাসীনতা ও অবহেলার কারণেই অবশেষে শুক্রবার সন্ধ্যায় ট্রান্সফরমারটি বিকট শব্দে বিক্ষোভিত হয়ে আগুন ধরে যায় বলে দাবি করেন তিনি। আগুন লাগার পরপরই রেইনট্রিতলা এলাকায় অত্যন্ত ছড়িয়ে পড়ে। পরে আশাপাশের দোকানদার ও পঞ্চচারীরা সাহসিকতার সঙ্গে দ্রুত এগিয়ে আসেন। তাঁরা বিদ্যুৎ বিভাগে ফোন করে সংযোগ বিচ্ছিন্ন করান এবং নিজেদের দোকানে থাকা গ্যাস সিলিডারের অগ্নিনির্বাপক যন্ত্র ব্যবহার করে তীব্র ধোঁয়া ও আগুনের শিখা নিয়ন্ত্রণে আনতে সক্ষম হন। ফলে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। প্রত্যাক্ষদর্শীরা জানান, ট্রান্সফরমার বিক্ষোরণের পর মুলাদী ফায়ার সার্ভিসকে খবর দেওয়া হলেও আগুন নিয়ন্ত্রণে আসার প্রায় এক ঘণ্টা পর তাদের দুটি দল ঘটনাস্থলে পৌঁছায়। ততক্ষণে স্থানীয়দের চেষ্টায় পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসে। এ ব্যাপারে ফায়ার সার্ভিসের ওয়ার্ড হাউস পরিদর্শক মো. সজিবুর রহমান বলেন, ফায়ার সার্ভিসের দুটি দল লক্ষ্মীপুর এলাকায় পানিতে পুড়া স্কুলছাত্রী উদ্ধারে ব্যস্ত ছিল। পরে সেখান থেকে একটি দল ফিরে রেইনট্রিতলা এলাকায় পৌঁছাতে কিছুটা বিলম্ব হয়। বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মুলাদী জোনাল অফিসের উপমহাব্যবস্থাপক (ডিউএম) মো. দেলোয়ার হোসেন ক্রেটিপূর্ণ ট্রান্সফরমার থাকার বিষয়টি অস্বীকার করে বলেন, বৈদ্যুতিক ট্রান্সফরমারে যেকোনো সময় বিক্ষোণ ঘটতে পারে, ক্রেটি হতে পারে। আগে থেকে ট্রান্সফরমারটি ক্রেটিপূর্ণ ছিল কি না এ বিষয়ে কোনো অভিযোগ পাওয়া যায়নি। দুর্ঘটনার পর শুক্রবার রাতেই ট্রান্সফরমার পরিবর্তন করে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক করা হয়েছে।

হার

